গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বরিশাল

এবং

চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২৪-৩০ জুন, ২০২৫

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ১ |
| প্রস্তাবনা | ২ |
| সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৩ |
| সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব | ৪ |
| সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা | ৫-৯ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১০ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক | ১১-১২ |
| সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ | ১৩ |
| সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ | ১৪-১৫ |
| সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ | ১৬ |
| সংযোজনী ৬: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ | ১৭ |
| সংযোজনী ৭: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ | ১৮ |
| সংযোজনী ৮: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ | ১৯ |

# কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (বিগত ৩বছর) প্রধান অর্জনসমূহ

বরিশাল জেলার রাজস্ব প্রশাসনের অধীনে ১০ টি উপজেলা ভূমি অফিস ও ৬৯ টি ইউনিয়ন ভূমি অফিসে জনবান্ধব স্মার্ট সেবা দেয়া হচ্ছে। এ লক্ষ্যে প্রত্যেক ভূমি অফিসে হেল্প ডেস্ক, সেবা গ্রহীতাদের বসার জন্য দর্শনার্থী কক্ষ, রেকর্ড রুম আধুনিকায়ন এবং উন্নত মানের ওয়াসব্লক নির্মান করা হয়েছে। জেলা রেকর্ড রুমের সামনে অনলাইন খতিয়ান সরবরাহকারী কিয়স্ক মেশিন স্থাপন করা হয়েছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ভূমি অফিসগুলোতে ই-সেবা চালু করার নিমিত্ত আইটি নেটওয়ার্কিং স্থাপনের লক্ষ্যে রাজস্ব বাজেটের আওতায় বরিশাল জেলার জেলা কার্যালয়, উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসগুলোতে ২০২১-২২, ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বছরে ১১৯ টি ডেস্কটপ কম্পিউটার, ১০ টি প্রিন্টার এবং ৭৯ টি স্ক্যানার বরাদ্দ প্রদান করা হয়েছে। এ জেলায় বিগত দুই বছরে কর বহির্ভূত রাজস্বের বিভিন্ন খাত হতে মোট ৪,৭৩,৪১,৩২৭/-কোটি টাকা রাজস্ব আদায় করা হয়েছে। বিগত তিন বছরে আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে ৫৯৬০ জন ভূমিহীন ও গৃহহীন পরিবারকে ১১৯.২০ একর খাস জমি বন্দোবস্ত প্রদান করে পুর্নবাসন করা হয়। বিগত তিন বছরে ২৫,১৫,৭১,৬৯৯/- টাকা ভূমি উন্নয়ন কর, ৬,৩২,৩৪,৮৭২/- টাকা অর্পিত্ত সম্পত্তির লীজ মানি আদায় করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i প্রোগ্রামের কারিগরি ও আর্থিক সহযোগিতায় বরিশাল জেলার ১০টি উপজেলা ভূমি অফিস ও উক্ত ভূমি অফিসসমূহের অধীনস্থ ইউনিয়ন ভূমি অফিসসমূহে ই-নামজারি কার্যক্রম চালু করা হয়েছে। জেলা কার্যালয়, উপজেলা কার্যালয়সমূহ ও ইউনিয়ন ভূমি অফিসসমূহের Online বাজেট ব্যবস্থাপনা চালু করা হয়েছে। এ জেলার প্রতিটি উপজেলা ভূমি অফিসের অফিস প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতি সম্বলিত 'মুজিব কর্নার' স্থাপন করা হয়েছে। সকল উপজেলা ভূমি অফিসের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হয়েছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

আধুনিক ভূমি ব্যবস্থাপনা নিশ্চিতকরণার্থে ভূমি সংস্কার বোর্ড বিধিমালা, ২০০৫ হালনাগাদ না থাকায় সুষ্ঠু ভূমি ব্যবস্থাপনা কার্যক্রম ব্যাহত হচ্ছে। এ জেলায় ১টি সিটি কর্পোরেশন, ৬টি পৌরসভা এবং ৮৮ টি ইউনিয়ন পরিষদ থাকলেও ইউনিয়ন ভূমি অফিস আছে মাত্র ৬৯ টি। সিটি কর্পোরেশনে কোনো সার্কেল ভূমি অফিস এবং পৌরসভায় কোনো পৌর ভূমি অফিস নেই। পৌরসভা/ইউনিয়নভিত্তিক ভূমি অফিস সৃজিত না হওয়ায়, সকল ইউনিয়ন ভূমি অফিসের নিজস্ব অফিস ভবন স্থাপন না হওয়ায়, অনুমোদিত জনবলের মধ্যে অনেক পদ বিশেষ করে ইউনিয়ন ভূমি উপ-সহকারীর পদ শূণ্য থাকায় এবং সহকারী কমিশনার (ভূমি) গণের আবাসন ব্যবস্থা না থাকায় ভূমি সংক্রান্ত স্বাভাবিক সেবা প্রদান বিঘ্নিত হচ্ছে।

### ভবিষ্যৎ পরিকল্পনা

ই-ভূমি সেবা প্রদানের জন্য সকল পর্যায়ে One Stop Service চালু করা হবে। বরিশাল জেলার সকল উপজেলায় কর্মচারী ব্যবস্থাপনা, মিস কেস ব্যবস্থাপনা, রিভিউ কেস ব্যবস্থাপনা, সার্টিফিকেট কেস ব্যবস্থাপনা ইত্যাদি প্রতিষ্ঠা করা হবে। এ জেলার সকল উপজেলা ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহে আইটি নেটওয়ার্কিং স্থাপন করা হবে। সহকারী কমিশনার (ভূমি)গণের জন্য অফিস কাম আবাসিক ভবন নির্মাণ করা হবে। এ জেলার সকল ইউনিয়ন ভূমি অফিসসমূহে নিরাপত্তার জন্য সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হবে।

### ২০২৪-২০২৫ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ই-মিউটেশনের মাধ্যমে ৯৫% নামজারি ও জমাখারিজের আবেদন নিষ্পত্তি করা হবে।
- ভূমি উন্নয়ন কর ও কর বহির্ভূত রাজস্বের বিভিন্ন খাত হতে মোট ১৩ কোটি টাকা আদায় করা হবে।
- দায়েরকৃত ৮২% রেন্ট সার্টিফিকেট মোকদ্দমা, সহকারী কমিশনার ভূমি কর্তৃক ৮০% মিসকেস এবং অতিরিক্ত জেলা প্রশাসক রাজস্ব কর্তৃক ৭৫% মিসকেস (আপিল) নিষ্পত্তি করা হবে।
- বরিশাল জেলার সকল উপজেলা ভূমি অফিসে এবং সকল ইউনিয়ন ভূমি অফিসে আইটি নেটওয়ার্কিং স্থাপন সম্পন্ন করা হবে।
- অনলাইনে শতভাগ ভূমি উন্নয়ন কর আদায় নিশ্চিত করা হবে।
- বরিশাল জেলার সকল উপজেলা ভূমি অফিসে **ডিজিটাল/অনলাইন** ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা, কর্মচারী ব্যবস্থাপনা, মিস কেস ব্যবস্থাপনা, রিভিউ কেস ব্যবস্থাপনা, সার্টিফিকেট কেস ব্যবস্থাপনা ইত্যাদি প্রতিষ্ঠা করা হবে।

# প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বরিশাল

এবং

চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড

এর মধ্যে ২০২৪ সালের জুন মাসের ২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প:**

দক্ষ, স্বচ্ছ এবং জনবান্ধব ভূমি ব্যবস্থাপনা

**১.২ অভিলক্ষ্য:**

ভূমি ব্যবস্থাপনায় আধুনিক ও টেকসই প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জনবান্ধব ভূমি সেবা নিশ্চিতকরণ

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ:**

১) ভূমি ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধি

২) রাজস্ব সংগ্রহ বৃদ্ধি

৩) ভূমিহীন পরিবারের সংখ্যা হ্রাস

৪) ভূমি বিরোধ হ্রাস

সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত)

১) সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম জোরদারকরণ

**১.৪ কার্যাবলি: (আইন/বিধি দ্বারা নির্ধারিত কার্যাবলি)**

১) খতিয়ান হালনাগাদকরণ;

২) ভূমি ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির নিমিত্ত প্রশিক্ষণ প্রদান;

৩) পরিদর্শন, পরিবীক্ষণ ও তদারকি;

৪) মাসিক রাজস্ব সম্মেলন;

৫) সায়রাতমহাল ব্যবস্থাপনা;

৬) ভূমি উন্নয়ন করের দাবী নির্ধারণ ও আদায়;

৭) কর বহির্ভূত রাজস্ব আদায়;

৮) রেন্ট সার্টিফিকেট মোকদ্দমা নিষ্পত্তি;

৯) অনলাইন সফটওয়্যারে হোল্ডিং এর ডাটা এন্ট্রি সম্পন্নকরণ ও অনলাইন ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা;

১০) ভূমি বিরোধ হ্রাসের নিমিত্ত মিসকেস নিষ্পত্তি;

১১) কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান;

১২) ভূমিহীন পুণর্বাসণ।

## সেকশন ২

### বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্তমন্ত্রণালয়/বিভাগ/সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| হালনাগাদকৃত ভূমি স্বত্ব | হালনাগাদকৃত খতিয়ান | % | ৭০ | ৭২ | ৭৫ | ৭৭ | ৭৮ | জনপ্রশাসন মন্ত্রণালয়/ বিভাগীয় কমিশনারের কার্যালয়/ জেলা প্রশাসকের কার্যালয়/ উপজেলা ভূমি অফিস | জেলা কার্যালয়সমূহের প্রতিবেদন/ভূমি সংস্কার বোর্ড-এর বার্ষিক প্রতিবেদন |
| রাজস্ব বৃদ্ধি | আদায়কৃত ভূমি উন্নয়ন কর | % | ৬৭ | ৬৮ | ৭০ | ৭২ | ৭৩ | জনপ্রশাসন মন্ত্রণালয়/ বিভাগীয় কমিশনারের কার্যালয়/ জেলা প্রশাসকের কার্যালয় /স্বরাষ্ট্র মন্ত্রণালয় | জেলা কার্যালয়সমূহের প্রতিবেদন/ভূমি সংস্কার বোর্ড-এর বার্ষিক প্রতিবেদন |

## সেকশন-৩: কর্মসম্পাদন পরিকল্পনা
## (মোট মান-৭০)

| কর্মসম্পাদনের ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২০২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২৬ | প্রক্ষেপণ ২০২৬-২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ** (আইন/বিধি দ্বারা নির্ধারিত দায়িত্ব অনুযায়ী) | | | | | | | | | | | | | | | |
| [১] ভূমি ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধি | ২৫ | [১.১] খতিয়ান হালকরণ | [১.১.১] ই-মিউটেশনের মাধ্যমে নিষ্পত্তিকৃত নামজারি ও জমাখারিজের আবেদন | গড় | % | ৪ | ৮৬ | ৯১ | ৯৩ | ৯২ | ৯১ | ৮৯ | ৮৮ | ৯৭ | ৯৮ |
| | | | [১.১.২] ই-মিউটেশনের অগ্রগতি সংক্রান্ত ত্রৈমাসিক পর্যালোচনা সভা | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ৪ | ৪ | ৩ | ২ | - | - | ৪ | ৪ |
| | | | [১.১.৩] ই-মিউটেশনের অগ্রগতি সংক্রান্ত ত্রৈমাসিক পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | গড় | % | ১ | ১০০ | ১০০ | ১০০ | ৯৮ | ৯৫ | ৯৩ | ৯০ | ১০০ | ১০০ |
| | | | [১.১.৪] উপজেলা ভূমি অফিসে হালনাগাদকৃত খতিয়ান | গড় | % | ২ | ৮৫ | ৮৭ | ৮৮ | ৮৬ | ৮৪ | ৮৩ | ৮২ | ৮৯ | ৯০ |
| | | [১.২] ভূমি ব্যবস্থাপনার সাথে জড়িত কর্মকর্তা/ কর্মচারীদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ | [১.২.১] রাজস্ব প্রশাসনের কর্মকর্তা/কর্মচারী প্রশিক্ষণপ্রাপ্ত | সমষ্টি | সংখ্যা | ৪ | ২০ | ২২ | ২৫ | ২২ | ২০ | ১৭ | ১৫ | ২৫ | ২৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২০২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২৬ | প্রক্ষেপণ ২০২৬-২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | [১.৩] পরিদর্শন | [১.৩.১] অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শনকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | ৬০ | ৬০ | ৬০ | ৫৪ | ৪৮ | ৪২ | ৩৬ | ৬০ | ৬০ |
| | | | [১.৩.২] সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শনকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | ২৪০ | ২৪০ | ২৪০ | ২১৬ | ১৯২ | ১৬৮ | ১৪৪ | ২৪০ | ২৪০ |
| | | | [১.৩.৩] পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন | গড় | % | ২ | ৭৫ | ৭৭ | ৭৮ | ৭৫ | ৭৩ | ৭২ | ৭০ | ৭৯ | ৮০ |
| | | [১.৪] মাসিক রাজস্ব সম্মেলন | [১.৪.১] জেলা মাসিক রাজস্ব সম্মেলন অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | ১২ | ১২ | ১২ | ১০ | ০৯ | ০৮ | ০৭ | ১২ | ১২ |
| | | | [.১.৪.২] উপজেলা মাসিক রাজস্ব সম্মেলন অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | ১২০ | ১২০ | ১২০ | ১০৮ | ৯৬ | ৮৪ | ৭২ | ১২০ | ১২০ |
| | | [১.৫] সায়রাত মহাল ব্যবস্থাপনা | [১.৫.১] জলমহাল ইজারাকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | ১৭ | ১৭ | ১৭ | ১৫ | ১৩ | ১২ | ১০ | ১৭ | ১৭ |
| | | | [১.৫.২] বালুমহাল ইজারাকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | ৫ | ৬ | ৬ | ৫ | ৪ | - | - | ৬ | ৬ |
| | | [১.৬] অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশিট জবাব প্রেরণ | [১.৬.১] অডিট আপত্তির ব্রডশিট জবাব প্রেরিত | গড় | % | ১ | ৯৫ | ৯৭ | ৯৮ | ৯৬ | ৯৪ | ৯২ | ৯০ | ৯৯ | ৯৯ |
| [২] রাজস্ব সংগ্রহ বৃদ্ধি | ১৯ | [২.১] ভূমি রাজস্ব আদায় | [২.১.১] আদায়কৃত ভূমি উন্নয়ন কর (সাধারণ) | সমষ্টি | টাকা (কোটি) | ৫ | ৭.০ | ৮.৪ | ৮.০ | ৭.০ | ৬.৫ | ৬.০ | ৫.৬ | ৮.৫ | ৮.৫ |
| | | | [২.১.২] আদায়কৃত ভূমি উন্নয়ন কর (সংস্থা) | সমষ্টি | টাকা (কোটি) | ৩ | ৪.২ | ১.৩২ | ৩.০ | ২.৭ | ২.৪ | ২.১ | ১.৮ | ৩.০ | ৩.০ |
| | | | [২.১.৩] আদায়কৃত কর বহির্ভূত রাজস্ব | সমষ্টি | টাকা (কোটি) | ৩ | ৫.০ | .৫৭ | ৫.৫ | ৫.০ | ৪.৫ | ৪.০ | ৩.৫' | ৫.৫ | ৫.৫ |
| | | | [২.১.৪] অর্পিত সম্পত্তির লীজ নবায়ন থেকে আয় | সমষ্টি | টাকা (কোটি) | ২ | ২.০ | ২.০৬ | ২.৫ | ১.৮ | ১.৬ | ১.৪ | ১.২ | ২.৫ | ২.৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২০২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২৬ | প্রক্ষেপণ ২০২৬-২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| [২] রাজস্ব সংগ্রহ বৃদ্ধি | | [২.২] রেন্ট সার্টিফিকেট কেস নিষ্পত্তি | [২.২.১] সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক রেন্ট সার্টিফিকেট কেস নিষ্পত্তিকৃত | গড় | % | ২ | ৮২ | ৮২ | ৮৩ | ৮১ | ৮০ | ৭৯ | ৭৫ | ৮৫ | ৮৫ |
| | | | [২.২.২] সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক রেন্ট সার্টিফিকেট কেস নিষ্পত্তি সংক্রান্ত ত্রৈমাসিক পর্যালোচনা সভা | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ৪ | ৪ | ৩ | - | - | - | ৪ | ৪ |
| | | | [২.২.৩] সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক রেন্ট সার্টিফিকেট কেস নিষ্পত্তি সংক্রান্ত ত্রৈমাসিক পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | গড় | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯৮ | ৯৫ | ৯৩ | ৯০ | ১০০ | ১০০ |
| [৩] ভূমিহীন পরিবারের সংখ্যা হ্রাস | ১২ | [৩.১] কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান | [৩.১.১] কৃষি খাসজমি বন্দোবস্তকৃত | সমষ্টি | একর | ৩ | ১১২.৩০ | ২১.০২ | ৫৫ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫৫ | ৫৫ |
| | | | [৩.১.২] সনাক্তকৃত ভূমিহীন | সমষ্টি | সংখ্যা | ৩ | ৫৯৩৫ | ২৫ | ২০০ | ১৮০ | ১৬০ | ১৪০ | ১২০ | ২০০ | ২০০ |
| | | | [৩.১.৩] নিষ্পত্তিকৃত বন্দোবস্ত মোকদ্দমা | গড় | % | ৩ | ৯০ | ৯২ | ৯৪ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | ৯৪ | ৯৪ |
| | | | [৩.১.৪] মালিকানা দলিল হস্তান্তরিত | গড় | % | ৩ | ৯০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| [৪] ভূমি বিরোধ হ্রাস | ১৪ | [৪.১] ভূমি বিরোধ নিষ্পত্তি | [৪.১.১] সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক মিসকেস নিষ্পত্তিকৃত | গড় | % | ৪ | ৭৭ | ৮০ | ৮২ | ৭৮ | ৭৬ | ৭৪ | ৭৩ | ৮৪ | ৮৪ |
| | | | [৪.১.২] অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক মিসকেস নিষ্পত্তিকৃত | গড় | % | ৪ | ৭৩ | ৭৫ | ৭৬ | ৭৪ | ৭৩ | ৭২ | ৭০ | ৭৭ | ৭৭ |
| | | | [৪.১.৩] সহকারি কমিশনার (ভূমি) কর্তৃক দেওয়ানি মামলার এস এফ প্রেরিত | গড় | % | ৩ | ৯০ | ৯১ | ৯২ | ৮৯ | ৮৭ | ৮৫ | ৮৪ | ৯৪ | ৯৪ |
| | | | [৪.১.৪] অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক দেওয়ানি মামলার এস এফ প্রেরিত | গড় | % | ৩ | ৯০ | ৯১ | ৯২ | ৮৯ | ৮৭ | ৮৫ | ৮৪ | ৯৪ | ৯৪ |

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কার মূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | ১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | | | | | | | | | |
| | | ২) ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | | | | | | | | | |
| | | ৩) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | | | | | | | | | |
| | | ৪) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৪ | | | | | | | | | |
| | | ৫) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | | | | | | | | | |

আমি, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বরিশাল, হিসেবে চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড হিসেবে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বরিশাল এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত

Islam

.......................................

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
বরিশাল

শাহ মোঃ রফিকুল ইসলাম
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
বরিশাল

তারিখঃ ২৮/৫/২৪

.......................................

চেয়ারম্যান
ভূমি সংস্কার বোর্ড

(মোঃ আব্দুস সবুর মন্ডল, বিপিএএ)
চেয়ারম্যান (সচিব)
ভূমি সংস্কার বোর্ড
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তারিখঃ 29/04/2024